পাঠক ফোরাম

শুল্কের প্রভাব

বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও মোবাইল ফোনের ব্যবহার বাড়ছে। তবে মোবাইল ফোনের ওপর আরোপিত উচ্চ হারের শুল্ক এ খাতের প্রবৃদ্ধির ক্ষেত্রে প্রধান বাধা হয়ে দাঁড়িয়েছে। আমাদের পার্শ্ববর্তী দেশসহ পৃথিবীর অন্যান্য দেশে যেখানে মোবাইল ফোনের ওপর আরোপিত শুল্ক পনেরো থেকে বিশ শতাংশের বেশি নয়, সেখানে বাংলাদেশে আরোপিত শুল্কের হার সত্তর থেকে পঁচাশি শতাংশ। শুল্ক হারের এই বিশাল ব্যবধানের কারণে বাংলাদেশে মোবাইল ফোনের প্রবৃদ্ধির হার অন্যান্য দেশের চেয়ে অনেক কম। আর সেক্ষেত্রে মোবাইল ফোনের ওপর আরোপিত উচ্চ শুল্কহার কমানো ছাড়া কোনো বিকল্প নেই।

আহমেদ ইমতিয়াজ
বনানী, ঢাকা

চিকিৎসা ব্যবস্থা

হাসপাতালগুলোতে মেথিলেটেড স্পিরিট সার্জারি কাজে ব্যবহার হয়ে আসছে। এমন কি নিউরোসার্জারিতেও এর ব্যবহার হয়ে আসছে। ড্রেসিং-এ এই স্পিরিট ব্যবহারের ফলে অনেকের জীবন বিপন্ন। যে মেথিলেটেড পান করে দেশের বিভিন্ন অঞ্চলে বহু লোক মারা যাওয়ার খবর সংবাদপত্র ছেপেছে আর সেই মেথিলেটেড স্পিরিট খোদ হাসপাতালে স্থান পেয়েছে। আমাদের নৈতিকতার বিপর্যয়ের আর কতটুকু বাকি। চিকিৎসকের সংকট আমাদের দেশে প্রকট আকার ধারণ করেছে। আর চিকিৎসকদের অভাবে অপচিকিৎসক দিন দিন বেড়ে চলেছে। অপচিকিৎসকদের চিকিৎসার তেলেসমাতিতে ডিগ্রিধারী চিকিৎসকগণ হিমশিম খাচ্ছে। কেউ কেউ পাড়ি জমাচ্ছে বিদেশে। স্বদেশের অর্থে অর্জিত বিদ্যা আর মেধা বিদেশীদের সেবায় নিয়োজিত করছে।

ডাঃ মোস্তফা আব্দুর রহিম
মিরপুর, ঢাকা

সাবাস জোট সরকার

উত্তরবঙ্গের সর্ববৃহৎ কৃষিনির্ভর শিল্প প্রতিষ্ঠান 'প্রাণ এগ্রো লিমিটেড' স্থানীয় বিএনপি নেতা ও ইউপি চেয়ারম্যান গোলাম সারোয়ারের সন্ত্রাস ও চাঁদাবাজিতে বন্ধ। হাফডজন মন্ত্রীর সাহায্য চেয়েও ব্যবস্থাপনা পরিচালক ব্যর্থ। বিএনপি দলীয় সাংসদ ডা. দেওয়ান সালাহউদ্দিন কর্তৃক সাভার জেনারেল হাসপাতাল তালাবদ্ধ। রাজশাহী-৪ আসনের সাংসদ অ্যাডভোকেট নাদিম মোস্তফার সংবর্ধনার 'সোনার মুকুট' যোগাতে নেতা-কর্মীদের চাঁদাবাজিতে নাসির বিড়ি ফ্যাক্টরি ও অন্যান্য ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ। খাঁটি ইসলামের ধারক ও বাহক জামাতে ইসলামীর খুলনা-১ আসনের সাংসদ মিয়া গোলাম পারোয়ারের মদদে তার ভাই, স্থানীয় ইউপি চেয়ারম্যান এবং বিএনপি নেতা বাবুল কর্তৃক জুটমিল দখল। খাদ্য কেলেঙ্কারিতে বগুড়া-৭ আসনের সাংসদ হেলালুজ্জামান তালুকদার লালু ওরফে গম তালুকদার, বিএনপি নেতা-কর্মী এবং সরকারি আমলা জড়িত, ২০ কোটি টাকা লোপাট। রামপালের ছবি রানী মন্ডল সরকারি সাংসদ সিলভার সেলিমের পোষ্যবাহিনী কর্তৃক অমানুষিকভাবে নির্যাতিত, লাঞ্ছিত এবং বিবস্ত্র অবস্থায় ফটোসেশন। বুয়েটের মেধাবী ছাত্রী ও টিভি অভিনেত্রী অপি করিমকে অপহরণ প্রচেষ্টায় জোট সরকারের সোনার সৈনিক, বুয়েট ছাত্র-ছাত্রী সংসদের ভিপি গোলাম মুর্শেদ লায়ন। সাবাস জোট সরকার!

Md. Belal Uddin, Post Box No-13207, 71953 kaifan, Kuwit

এই ঝাল

সাপ্তাহিক ২০০০, ১৬ আগস্ট সংখ্যায় 'এই ঝাল কে সামলাবে' প্রচ্ছদটি একটি বাস্তব অনুসন্ধানী প্রতিবেদন।

দেশের মানুষ সন্ত্রাস আর দলীয় রাজনীতির কার্যকলাপে অতিষ্ঠ হয়ে ঐক্য জোটকে ক্ষমতায় বসিয়েছিলো একটু শান্তির জন্যে। দ্রব্যমূল্যের উর্ধ্বগতি, সন্ত্রাস তো বন্ধ হয়নিই বরং বেড়েছে, বর্তমান সরকার এসব নির্মূল করতে ব্যর্থ হয়েছে। দেশের মানুষের ট্যাক্সের টাকায় চলা সরকারের সকল প্রতিষ্ঠানে চলে সীমাহীন দুর্নীতি। সাধারণ মানুষ এসব থেকে মুক্তি চায়। ছাত্র-শিক্ষক রাজনীতি, প্রতারণার নতুন কৌশল, ক্রীড়া প্রতিষ্ঠানগুলোতে আদম পাচারের ব্যবসা, বন্যা নিয়ন্ত্রণ, ডেঙ্গুর সঠিক চিকিৎসা সকল ক্ষেত্রে অনিয়ম— এতো সব ঝাল কে সামলাবে? দেশের প্রতিটি নাগরিকের নিরাপত্তার দায়িত্ব সংবিধান অনুসারে সরকারের। আমরা চাই সরকার তার দায়িত্ব যথাযথভাবে পালন করুক।

জুয়েল
ময়মনসিংহ

শিশু ও কম্পিউটার

অল্প বয়স্ক শিশুদেরকে কম্পিউটার ধরতে দেবেন না। কারণ কম্পিউটারে এক ধরনের আলোকরশ্মি শুধু ক্ষতি করে না, মনিটরের দিকে তাকাতে তাকাতে চোখেরও শক্তি লোপ পেতে পারে। তাছাড়া বিদ্যুৎচালিত এ ধরনের কম্পিউটার থেকে শিশুদেরকে দূরে রাখাটাই উত্তম। কারণ অসাবধানতার জন্য শিশুদের বিপদ ডেকে আনা হতে পারে। তাই শিশুদের কম্পিউটারে গেমস খেলাও বিপজ্জনক। কমপক্ষে হাইস্কুল ছাত্র-ছাত্রীরা কম্পিউটার শিক্ষায় দীক্ষিত হতে পারে। তারা কম্পিউটারের শিক্ষায় পারদর্শী হিসেবে গড়ে উঠলেও মোটামুটি কম্পিউটার সম্পর্কে প্রাথমিক জ্ঞান-ধারণা শিখতে পারে। তবে কলেজ-বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছেলেমেয়েদের কম্পিউটার সম্পর্কে পুরো অভিজ্ঞতা অর্জন করা উচিত।।

মাহবুব উদ্দিন চৌধুরী
হরিচরণ রায় রোড, ঢাকা

বিতর্কিত মন্ত্রিসভা

বর্ষ ৫, সংখ্যা ১৫, সাপ্তাহিক ২০০০-এর প্রচ্ছদ কাহিনী পড়ে নীরব হয়ে গেলাম। আসলেই স্তব্ধ হয়ে যাওয়ার মতোই কাহিনী ছিল ওটা। রাজনীতির নামে, দেশ চালানোর নামে এরা করছেটা কি? খেটে খাওয়া গরিব জনসাধা-রণের টাকা দিয়ে আমাদের মাননীয় সরকার-প্রধান যেসব নমুনা (মন্ত্রীবর্গ) পুষছেন তার আবশ্যকতা যে কতোটুকু গুরুত্বপূর্ণ তা আজ দিনের আলোর মতোই স্বচ্ছ। একটি গরিব রাষ্ট্রের জন্য এই বিশাল মন্ত্রী বাহিনী যে কতোটা ক্ষতিকারক তা প্রতিবেদক জয়ন্ত আচার্য চুলচেরা বর্ণনা দিয়ে আমাদের বুঝিয়েছেন। এজন্য প্রতিবেদকসহ ২০০০ পরিবারকে ধন্যবাদ জ্ঞাপন করছি। মাঝেমধ্যে পত্র-পত্রিকায় আসে গণপিটুনিতে ছিনতাইকারী, সন্ত্রাসী প্রাণ হারিয়েছে। আমার সন্দেহ হয় কোনো একদিন পত্র-পত্রিকায় আসবে গণপিটুনিতে অমুক কর্মহীন মন্ত্রী নির্মমভাবে প্রাণ দিয়েছেন।

Monir
Port klang, Malaysia

একটি অপমৃত্যু

আমি কোনো আমলা বা বুদ্ধিজীবী নই। খুব সাধারণ একজন মানুষ। এদেশের শতকরা

৯০ জন লোক যে শ্রেণীর প্রতিনিধিত্ব করে আমি তাদেরই একজন। তাই তাদের মতো আমারও ছিলো বিনোদনের একমাত্র মাধ্যম একুশে টিভির অনুষ্ঠানগুলো। কিন্তু আজ আইনের বেড়াজালে পড়ে ইটিভি সম্পূর্ণভাবে বন্ধ হয়ে গেছে। জানি আইন চলে তার নিজের গতিতে, আইনের ওপর কেউ নয়। তবে এটা ঠিক যে, যুগ যুগ ধরে মানব কল্যাণে প্রণীত হয়েছে আইন, তাই মানুষের জন্যই আইন, আইনের জন্য মানুষ নয়। ক্ষমতাসীন সরকারের কাছে খুব জানতে ইচ্ছে করছে, কোথায় কবর দেবেন দেশের কোটি মানুষের স্বপ্নকে, স্বপ্নের একুশে টিভিকে?

ইমতিয়াজ
কাঞ্চন, বিরল, দিনাজপুর

ভয় হয়

আমার স্বামী একজন সরকারি কর্মচারি। তাই তাকে অনেক প্রত্যন্ত অঞ্চলে যেতে হয়। নিজের বড় দু'মেয়ে ও এক ছেলে বাদেও দুই মেয়ে আমার আশ্রয়ে বড় হচ্ছে। এদেরকে পড়াশোনার জন্য মাঝে মাঝে নানার বাড়িতে রেখে যেতে হয়। তাই অনেক কষ্টে নিজেরা একটি বাড়ি করলাম। সেখানে স্কুল, কলেজ হাট, বাজার সবই আছে। কিছুদিন যেতে না যেতেই বুঝলাম এলাকাটি ভালো নয়। প্রতিটি দোকানে ফুল ভলিউমে সারাক্ষণ গান বাজনা চলে। স্কুলের সঙ্গে বাড়ি হওয়ায় আমার বারান্দায় ছেলেরা দাঁড়িয়ে আড্ডা মারে, মেয়েদের উদ্দেশে অশ্লীল ভাষায় মন্তব্য ছুঁড়ে দেয়, অন্য এলাকার ছেলেদের সঙ্গে মারামারি করে, আমার ছাদে নানা ধরনের অস্ত্র রাখে, দেখে ভয়ে গলা শুকিয়ে যায়। শত অনুরোধ, মিনতি করেও কোনো বিচার পাই না। পুলিশ আমার মতো অসহায়, অর্থহীন একজন মানুষের পাশে কখনো দাঁড়াবে না?

দিলরুবা নাসির
দক্ষিণ চর্থা, কুমিল্লা

হরলিক্‌স-সাপ্তাহিক ২০০০ কুইজ প্রতিযোগিতায় অংশ নিয়ে জিতে নিন
ঢাকা-কলকাতা-ঢাকা ৩টি বিমান টিকেট, রঙিন টেলিভিশন, রেফ্রিজারেটর এবং...

বি স্তা রি ত দে খু ন ৫৪ ও ৫৫ পৃ ষ্ঠা য়

ধিক্কার

১৯২১ সালে সৃষ্টি হয়েছিলো প্রাচ্যের অক্সফোর্ড ঢাকা বিশ্ববিদ্যালয়। কিন্তু দুঃখ, আজ সেখানে মধ্যরাতে পুরুষ পুলিশ লেলিয়ে দিয়ে নির্যাতিত করা হয় ছাত্রীদের। আমার দুঃখ হয় বর্তমান গণতন্ত্রের তাণ্ডব দেখে। হৃদয় আমার ভাসছে সেই শ্রেষ্ঠ বিদ্যাপীঠ যেখানে মানবরূপে গড়ে উঠে সারা বাংলাদেশকে আলোকিত করবে, আজ সেখানে পুলিশ দিয়ে সে আলোকরশ্মির শিখাগুলো নিভিয়ে দিতে চাচ্ছে। আমরা বিখ্যাত কবিদের বাণী স্মরণ করে বলি, যাকে কোনো দিন সর্পে দংশন করেনি— সে বোঝে না দংশনের কি জ্বালা। এখানে তদ্রূপ শ্রেষ্ঠ নেত্রী যদি কোনো কলেজ বা ইউনিভার্সিটির বারান্দায় পা রাখতেন তবে হয়তো আজ শামসুন্নাহার হলে এই ন্যক্কারজনক ঘটনাটা কোনো দিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪০ হাজার ছাত্রছাত্রীর মনে কালিমার দাগ লাগতো না। সাক্ষী শামসুন্নাহার হল, মধুর ক্যান্টিন, অপরাজেয় বাংলা, দোয়েল চত্বর, কার্জন হল যেখানে নির্যাতিত হয়েছে ছাত্রসমাজ। ছাত্রীদের কান্নার স্রোতে ভেসে গেছে সালমান রুশদির পকেটের সুতা নিয়ে কানাডার নায়াগ্রা জলপ্রপাতে ডুবে মরলেও আনোয়ারের দোষ মলিন হবে না।

মোঃ শহিদুল ইসলাম
ফাহাহিল, কুয়েত

ফোরাম ২০০০-এ চিঠি ১২৫ শব্দের উপর না হওয়াই ভালো। এক পাতায় পরিষ্কার হাতের লেখা ও পুরো নাম-ঠিকানা দেবেন। চিঠি পাঠাবার ঠিকানাঃ
ফোরাম, সাপ্তাহিক ২০০০, ৯৬/৯৭ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০

তবে কেন

ম্যানচেস্টারে কমনওয়েলথ গেমসে বিভিন্ন দেশের ২০০ ক্রীড়াবিদ পালিয়ে গেছে। তার মাঝে বাংলাদেশেরও ৪ জন রয়েছে। এর আগেও বহুবার এ ধরনের ঘটনা ঘটেছে। যেসব বিভাগে আমাদের সম্ভাবনা প্রায় শূন্য (দৌড়, সাঁতার) আমরা সেসব বিভাগে কেন লোক পাঠাই?

মনোজ ভৌমিক
কান্দিপাড়া, ব্রাহ্মণবাড়িয়া

প্র স ঙ্গ : পা স পো র্ট

ডিভি ২০০৩ প্রোগ্রামের আওতায় প্রায় ৫ হাজার বাংলাদেশী ডিভি প্রথম পত্র পেয়েছেন। আগামী ১ অক্টোবর থেকে এসব বিজয়ীর ইন্টারভিউয়ের তারিখ সংবলিত চিঠি আসা শুরু হবে। ন্যাশনাল ভিসা সেন্টারের নিয়ম অনুযায়ী ইন্টারভিউয়ের ন্যূনতম এক সপ্তাহ পূর্বেই বিজয়ীদের মেডিকেল সম্পন্ন করতে হবে। কিন্তু পাসপোর্ট অফিস থেকে ডিভি বিজয়ীরা পাসপোর্ট করতে গেলে এতো দিন বলা হয়েছে সংকটের কারণে পাসপোর্ট দেয়া সম্ভব নয়। গত ৮ মাসেরও বেশি সময় ধরে পাসপোর্টের সংকট চলছে। কিন্তু ডিভি বিজয়ীদের আলাদাভাবে বিবেচনা করে পাসপোর্ট দেয়ার জোর আবেদন জানালেও পাসপোর্ট অফিসার সে বিষয়ে কর্ণপাত করেননি। আরেক খবরে জানা গেছে গত অর্থবছরে প্রায় ২০ হাজার বাংলাদেশী বিদেশে চাকরি পেলেও পাসপোর্ট না থাকার কারণে যেতে পারেননি। এদের পুরো পাসপোর্ট প্রক্রিয়াটি একটি দালাল চক্রের কাছে জিম্মি হয়ে পড়েছে। এরা ডিভি বিজয়ীদের কাছ থেকে ১০/১২ হাজার টাকা দাবি করছে বলে ডিভি বিজয়ীরা অভিযোগ করছেন। ঐ চক্রটি এমনও দাবি করছে যে, আপনারা তো আমেরিকা যাবেনই আমাদের কিছু দিয়ে যান।

কাজী রকীবুল ইসলাম, অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, মালিবাগ, ঢাকা

রাজনৈতিক বান্দর

মোহিতলাল মজুমদার একজন শক্তিধর কবি। বঙ্কিমচন্দ্রকে বলা হয় বাংলা সাহিত্যের সম্রাট। এদের মতো জ্ঞানী ব্যক্তিরাই রবীন্দ্রনাথ ও নজরুলের সমালোচনা করতেন। আমি বঙ্গবন্ধুর সমালোচনা চাই, কিন্তু কে করবে? ১৫ আগস্ট বঙ্গবন্ধু নির্মমভাবে খুন হলেন, তোফায়েলরা গাঢাকা দিলেন পরিস্থিতির দোহাই দিয়ে। বঙ্গবন্ধুর কম্বল চোর মন্ত্রী ও এমপিরা একটা প্রতিবাদের পোস্টারও সাঁটাতে পারলেন না রাতের আঁধারে। পরবর্তীতে এরাই পুরনো ধর্ম ত্যাগ করে নতুন ধর্মে দীক্ষা নিলেন, কেউ হলেন জিয়ার আদর্শ সৈনিক, কেউ এরশাদের লাঙ্গল। আজ এই চোরগুলোই ইতিহাস বিকৃত করেন এবং বঙ্গবন্ধুর সমালোচনা করেন। এরা ক্ষমতার কাছাকাছি থাকার জন্য সকাল-বিকাল দল পরিবর্তন করেন। সাপ্তাহিক ২০০০-এর ভাষায় এরা হলেন রাজনীতির বান্দরগণ। একজন রাজনৈতিক বান্দরের মুখে বঙ্গবন্ধুর সমালোচনা বড় বেমানান লাগে।

Ziaul Afgan, Atco-Po-Box 1298, Jeddah-21431-K.S.A

গাফিলতি বটে

ঢাকার রাজপথের প্রায় সর্বত্র এখন কাদা আর আবর্জনা। প্রতিদিন নিয়মিতভাবে রাস্তাঘাট ঝাড়ু দেবার দৃশ্য এখন খুব একটা চোখে পড়ে না। কর্দমাক্ত ও আবর্জনাময় রাস্তা দিয়ে চলাচল দুঃসহ হয়ে উঠেছে। সেই সঙ্গে আরেক যন্ত্রণাদায়ক উপসর্গ হচ্ছে ফুটপাতের পাশে নর্দমা থেকে তুলে রাখা আবর্জনার স্তূপ। নগরীর রাস্তা প্রতিনিয়তই থাকে ধূলিময়। চলতি বর্ষা মৌসুমে প্রতিদিনের বৃষ্টিতে সেই ধুলা পরিণত হয় কাদায়। আবার তা রোদে শুকিয়ে ধুলায় পরিণত হয়। এই ধারাবাহিকতাতেই আবর্তিত হচ্ছে নগরীর পথঘাট।

সৈয়দ সাইফুল করিম
মিরপুর, ঢাকা